পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটির ২৬৫তম সভার কার্যবিবরণী

বিগত ০৪/০৩/২০১০ তারিখে পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটির আহবায়ক ও পরিবেশ অধিদপ্তরের পরিচালক (পরিবেশগত ব্যবস্থাপনা) জনাব মোঃ শাহজাহান-এর সভাপতিত্বে অধিদপ্তরের সম্মেলনকক্ষে পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটির ২৬৫-তম সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর শেষ পাতায় দ্রষ্টব্য।

সভার আলোচ্যসূচী অনুযায়ী কমিটির সদস্য-সচিব বিভিন্ন বিভাগীয় দপ্তর হতে প্রাপ্ত পরিবেশগত ছাড়পত্র বিষয়ক প্রস্তাবনা/নথিসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন। প্রত্যেকটি বিষয়ে কমিটির উপস্থিত সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় উপস্থাপিত বিভিন্ন বিষয়ের ওপর আলোচনা ও পর্যালোচনার পর নিম্নরূপ সুপারিশ ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক) সুপারিশকৃত শিল্প/প্রকল্পসমূহ ঃ পরিবেশগত ছাড়পত্র

১. **মেসার্স ফখরুজ্জামান রাইস মিল, গ্রামঃ খরিদিচর, ইউনিয়নঃ চরমহল্লা, উপজেলাঃ ছাতক, সুনামগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ ধান ভাঙ্গানো)ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি ফরমেটে প্রদত্ত তথ্য, পরিদর্শন প্রতিবেদন এবং বিভাগীয় দপ্তরের সুপারিশ সভায় পর্যালোচনা করা হয় এবং নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্তে কারখানাটির অনুকূলে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়ঃ

ক) এ মিলে ধান থেকে চাল উৎপাদনের জন্য এ'ছাড়পত্র প্রযোজ্য হবে। কারখানার উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোন প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি /ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) এ কারখানায় ধান সিদ্ধ করার জন্য কোন বয়লার ব্যবহার করা যাবে না।

গ) মিলের উৎপাদান প্রক্রিয়ায় সৃষ্ট বস্তুকণা (Particulate Matters) নির্গমন পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ঘ) EMP প্রতিবেদনে উল্লেখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকরীভাবে চালু রাখতে হবে।

ঙ) ধান হতে চাল উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট বায়বীয় বর্জ্য যথাসম্ভব নিজ বেষ্টনীর মধ্যে রাখতে হবে এবং Fugitive বায়বীয় বর্জ্যের ক্ষেত্রে উপযুক্ত উচ্চতার বেষ্টনী দিতে হবে। ডমেস্টিক তরল বর্জ্য পরিশোধন ও অপসারণের ক্ষেত্রে সেপটিক ট্যাংক ও সোকপিট ব্যবহার করতে হবে।

চ) অগ্নি-দুর্ঘটনা নিয়ন্ত্রণকল্পে কারখানায় যথোপযুক্ত অগ্নি নির্বাপক ব্যবস্থা থাকতে হবে।

ছ) এ কারখানার শ্রমিক/ কর্মচারীদর সর্বদা নোজ মাস্ক পরিধান করতে হবে। স্বাস্থ্যসম্মত পদ্ধতি অনুসরণে জীবাণুমুক্ত পরিবেশে উৎপাদন কার্যক্রম পরিচালনা করতে হবে।

জ) কারখানা চত্বরের ন্যূনতম ৩৩% জায়গা উপযুক্ত প্রজাতির ফলজ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঝ) কারখানার শব্দ এবং তরল/বায়বীয় বর্জ্যের নিঃসরণ/নির্গমন মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ঞ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

২. **ডরিন পাওয়ার জেনারেশন এন্ড সিস্টেমস (১১ মে.ওয়াট) লিঃ, গ্রামঃ বাথালিয়া, মৌজাঃ পাঁচ গাছিয়া, থানাঃ মহিপাল, জেলাঃ ফেনী** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ বিদ্যুৎ উৎপাদন)ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত ছাড়পত্রের আবেদনপত্র, EIA প্রতিবেদন, বিভাগীয় দপ্তরের পরিদর্শন প্রতিবেদন এবং বিভাগীয় দপ্তরের সুপারিশ সভায় পর্যালোচনা করা হয় এবং নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্তে কারখানাটির অনুকূলে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়ঃ

ক) এ ছাড়পত্র ১১ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোন প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি/ ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) বিদ্যুৎ কেন্দ্র হতে গ্যাসীয় পদার্থের নিঃসরণ (SO_x, NO_x, CO ইত্যাদি) এবং বস্তকণার (Particulate Matters) নির্গমন পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে হতে হবে। যে কোন সময় তাৎক্ষণিক সংগৃহীত নমুনায় এই মানমাত্রা অতিক্রম হতে পারবেনা। কোন সময় দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট ইউনিট বন্ধ করতে হবে। দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সংস্কার করে বিধিবদ্ধ মানমাত্রা নিশ্চিতকরণ সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) কুলিং ওয়াটার পুনঃব্যবহারের জন্য স্থাপিত সকল ব্যবস্থাদি যথাযথভাবে কার্যক্ষম রাখতে হবে।

ঘ) বায়বীয় বর্জ্য নির্গমনের জন্য স্থাপিত চিমনী সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ঙ) Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোন Vendor এর কাছে বিক্রয় করা যাবেনা।

চ) বিদ্যুৎ কেন্দ্র সৃষ্ট Residual Filtrate অথবা তৈল মিশ্রিত বর্জ্য কোন জলাশয়ে ফেলা যাবে না।

ছ) ইআইএ প্রতিবেদনে উল্লেখিত সকল মিটিগেশন মেজার্স সার্বক্ষণিক কার্যকরীভাবে চালু রাখতে হবে।

জ) বিদ্যুৎ কেন্দ্র চত্তরের ন্যূনতম ৩৩% জায়গা উপযুক্ত প্রজাতির ফলজ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঝ) Down wind direction এবং যেসব জায়গায় Ground level Concentration সবচেয়ে বেশী বলে অনুমিত হয় সেসব জায়গার পরিবেষ্টক বায়ুর গুণগতমান (SO_x, NO_x & CO) নিয়মিত মনিটর করতে হবে এবং মনিটরিং ফলাফল প্রতি তিন মাস অন্তর পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঞ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার/ প্রতিষ্ঠানের বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে দৈনিক ভিত্তিতে রেকর্ড সংরক্ষণ করতে হবে । প্রতি তিন মাস অন্তর অন্তর সংরক্ষিত রেকর্ডের সার-সংক্ষেপ রিপোর্ট-আকারে পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ট) পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। শ্রমিকদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করতে হবে এবং এতদসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে।

ঠ) অগ্নি নির্বাপনকল্পে কারখানায় যথোপযুক্ত ব্যবস্থাদি যথাঃ ফায়ার এক্সিট, ফোমিং কম্পাউন্ডসহ ফায়ার হাইড্রেন্ট, ইমারজেন্সী লাইট স্থাপন, ভূ-গর্ভস্থ বা ভূ-উপরিস্থ জলাধারে সর্বদা পর্যাপ্ত পানি সংরক্ষণ ইত্যাদি ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে ।

ড) কারখানার শব্দ এবং তরল/বায়বীয় বর্জ্যের নিঃসরণ/নির্গমন মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা,১৯৯৭-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ঢ) উপরোক্ত শর্তসমূহ যথাযথভাবে বাস্তবায়িত/প্রতিপালিত না হলে পরিবেশগত ছাড়পত্র বাতিল করা হতে পারে।

ণ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিউল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৩. **ডরিন পাওয়ার জেনারেশন এন্ড সিস্টেমস (২২ মে.ওয়াট) লিঃ, গ্রামঃ দেবীপুর, ইউনিয়নঃ শর্শদি, থানাঃ ফেনী সদর, জেলাঃ ফেনী** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ বিদ্যুৎ উৎপাদন)ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত ছাড়পত্রের আবেদনপত্র, EIA প্রতিবেদন, বিভাগীয় দপ্তরের পরিদর্শন প্রতিবেদন এবং বিভাগীয় দপ্তরের সুপারিশ সভায় পর্যালোচনা করা হয় এবং নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্তে কারখানাটির অনুকূলে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়ঃ

ক) এ ছাড়পত্র ২২ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোন প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি/ ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) বিদ্যুৎ কেন্দ্র হতে গ্যাসীয় পদার্থের নিঃসরণ (SO_x, NO_x, CO ইত্যাদি) এবং বস্তকণার (Particulate Matters) নির্গমন পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে হতে হবে। যে কোন সময় তাৎক্ষণিক সংগৃহীত নমুনায় এই মানমাত্রা অতিক্রম হতে পারবেনা । কোন সময় দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট ইউনিট বন্ধ করতে হবে। দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সংস্কার করে বিধিবদ্ধ মানমাত্রা নিশ্চিতকরণ সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) কুলিং ওয়াটার পুনঃব্যবহারের জন্য স্থাপিত সকল ব্যবস্থাদি যথাযথভাবে কার্যক্ষম রাখতে হবে ।

ঘ) বায়বীয় বর্জ্য নির্গমনের জন্য স্থাপিত চিমনী সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে ।

ঙ) Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোন Vendor এর কাছে বিক্রয় করা যাবেনা।

চ) বিদ্যুৎ কেন্দ্র সৃষ্ট Residual Filtrate অথবা তৈল মিশ্রিত বর্জ্য কোন জলাশয়ে ফেলা যাবে না।

ছ) ইআইএ প্রতিবেদনে উল্লেখিত সকল মিটিগেশন মেজার্স সার্বক্ষণিক কার্যকরীভাবে চালু রাখতে হবে।

জ) বিদ্যুৎ কেন্দ্র চত্তরের ন্যূনতম ৩৩% জায়গা উপযুক্ত প্রজাতির ফলজ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঝ) Down wind direction এবং যেসব জায়গায় Ground level Concentration সবচেয়ে বেশী বলে অনুমিত হয় সেসব জায়গার পরিবেষ্টক বায়ুর গুণগতমান (SO_x, NO_x & CO) নিয়মিত মনিটর করতে হবে এবং মনিটরিং ফলাফল প্রতি তিন মাস অন্তর পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঞ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার/ প্রতিষ্ঠানের বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে দৈনিক ভিত্তিতে রেকর্ড সংরক্ষণ করতে হবে । প্রতি তিন মাস অন্তর অন্তর সংরক্ষিত রেকর্ডের সার-সংক্ষেপ রিপোর্ট-আকারে পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ট) পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। শ্রমিকদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করতে হবে এবং এতদসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে।

ঠ) অগ্নি নির্বাপনকল্পে কারখানায় যথোপযুক্ত ব্যবস্থাদি যথাঃ ফায়ার এক্সিট, ফোমিং কম্পাউন্ডসহ ফায়ার হাইড্রেন্ট, ইমারজেন্সী লাইট স্থাপন, ভূ-গর্ভস্থ বা ভূ-উপরিস্থ জলাধারে সর্বদা পর্যাপ্ত পানি সংরক্ষণ ইত্যাদি ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে ।

ড) কারখানার শব্দ এবং তরল/বায়বীয় বর্জ্যের নিঃসরণ/নির্গমন মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা,১৯৯৭-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ঢ) উপরোক্ত শর্তসমূহ যথাযথভাবে বাস্তবায়িত/প্রতিপালিত না হলে পরিবেশগত ছাড়পত্র বাতিল করা হতে পারে।

গ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিউল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৪. **এ্যাকো স্টিল মিলস লিঃ, সফিপুর বাজার, কালিয়াকৈর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম ঃ ইংগট, রড,এঙ্গেল, ফ্ল্যাট বার ইত্যাদি প্রস্তুত করা)ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তরের পরিদর্শন প্রতিবেদন, ইএমপি ফরম্যাট, বিভাগীয় দপ্তরের সুপারিশ ও ছাড়পত্র বিষয়ক কমিটির পরিদর্শন সভায় পর্যালোচনা করা হয় । পর্যালোচনান্তে বিভাগীয় দপ্তর কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্তে কারখানাটির অনুকূলে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

ক) এ কারখানায় কেবলমাত্র আয়রন স্ক্র্যাপ থেকে ইনগট, রড, এঙ্গেল, ফ্ল্যাট বার প্রস্তুতের জন্য এ ছাড়পত্র প্রযোজ্য হবে । কারখানার উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোন প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি /ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) কারখানায় কোন প্রকার Hazardous chemical, প্লাস্টিক, পলিথিন ও অন্যান্য দূষিত পদার্থ মিশ্রিত ক্যান বা কন্টেইনার, স্ক্র্যাপ কাচাঁমাল হিসেবে ব্যবহার করা যাবেনা।

গ) কারখানার উৎপাদান প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে কালো ধোঁয়া ও বস্তকণার (Particulate Matters) নির্গমন পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে হতে হবে। যে কোন সময় তাৎক্ষণিক সংগৃহীত নমুনায় এই মানমাত্রা অতিক্রম হতে পারবেনা । কোন সময় দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট ইউনিট বন্ধ করতে হবে। দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সংস্কার করে বিধিবদ্ধ মানমাত্রা নিশ্চিতকরণ সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

ঘ) বায়ু দূষণ নিয়ন্ত্রণের জন্য কারখানায় স্থাপিত fume extruction system এবং চিমনী কার্যকারীভাবে চালু রাখতে হবে।

ঙ) আইইই এবং ইএমপি প্রতিবেদনে সুপারিশকৃত সকল মিটিগেশন মেজার্স সার্বক্ষণিক কার্যকরীভাবে চালু রাখতে হবে।

চ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট কঠিন বর্জ্য (লৌহজাত স্ক্রাপ, লোহার গুড়া ইত্যাদি) পরিকল্পিত উপায়ে সংগ্রহপূর্বক পরিবেশসম্মতভাবে নিরাপদ অপসারণ অথবা পুনঃব্যবহারের ব্যবস্থা করতে হবে

ছ) কারখানাটি চালু অবস্থায় প্রতি তিন মাস অন্তর অর্থাৎ বছরে ৪(চার) বার কারখানার চতুর্পার্শ্বস্থ বায়ুর গুনগতমান অত্র দপ্তরে দাখিল করতে হবে।

জ) ডমেষ্টিক কাজে সৃষ্ট তরল-বর্জ্য যথোপযুক্ত সেপটিক ট্যাংক ও সোক পিটের মাধ্যমে নির্গমন করতে হবে।

ঝ) অগ্নি নির্বাপনকল্পে কারখানায় যথোপযুক্ত ব্যবস্থাদি যথা ঃ ফায়ার এক্সিট, ফোমিং কম্পাউন্ডসহ ফায়ার হাইড্রেন্ট, ইমারজেন্সী লাইট স্থাপন, ভূ-গর্ভস্থ বা ভূ-উপরিস্থ জলাধারে সর্বদা পর্যাপ্ত পানি সংরক্ষণ ইত্যাদি ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে ।

ঞ) কারখানায় কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা যথাঃ বুট, নোজ মাক্স, সেফটি গ্লাস, হ্যান্ডগ্লোভস, হ্যালমেট পরিধান ইত্যাদির ব্যবহার সার্বক্ষণিক কার্যকরীভাবে চালু রাখতে হবে।

ট) কারখানা চত্ত্বরের ন্যূনতম ৩৩% জায়গা উপযুক্ত প্রজাতির ফলজ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঠ) কারখানার শব্দ এবং তরল/বায়বীয় বর্জ্যের নিঃসরণ/নির্গমন মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ড) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৫. **মেসার্স বিসমিল্লাহ রাইছ মিল, সাং- বড় চাউলাকাঠী, ডাকঃ চাখার, উপজেলাঃ বানারীপাড়া, বরিশাল** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ ধান ভাঙ্গানো)ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি ফরমেটে প্রদত্ত তথ্য, পরিদর্শন প্রতিবেদন এবং বিভাগীয় দপ্তরের সুপারিশ সভায় পর্যালোচনা করা হয় এবং নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্তে কারখানাটির অনুকূলে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়ঃ

ক) এ মিলে ধান থেকে চাল উৎপাদনের জন্য এ'ছাড়পত্র প্রযোজ্য হবে। কারখানার উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোন প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি /ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) এ কারখানায় ধান সিদ্ধ করার জন্য কোন বয়লার ব্যবহার করা যাবে না।

গ) মিলের উৎপাদান প্রক্রিয়ায় সৃষ্ট বস্তুকণা (Particulate Matters) নির্গমন পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ঘ) EMP প্রতিবেদনে উল্লেখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকরীভাবে চালু রাখতে হবে।

ঙ) ধান হতে চাল উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট বায়বীয় বর্জ্য যথাসম্ভব নিজ বেষ্টনীর মধ্যে রাখতে হবে এবং Fugitive বায়বীয় বর্জ্যের ক্ষেত্রে উপযুক্ত উচ্চতার বেষ্টনী দিতে হবে। ডমেস্টিক তরল বর্জ্য পরিশোধন ও অপসারণের ক্ষেত্রে সেপটিক ট্যাংক ও সোকপিট ব্যবহার করতে হবে।

চ) অগ্নি-দুর্ঘটনা নিয়ন্ত্রণকল্পে কারখানায় যথোপযুক্ত অগ্নি নির্বাপক ব্যবস্থা থাকতে হবে।

ছ) এ কারখানার শ্রমিক/ কর্মচারীদর সর্বদা নোজ মাক্স পরিধান করতে হবে। স্বাস্থ্যসম্মত পদ্ধতি অনুসরণে জীবাণুমুক্ত পরিবেশে উৎপাদন কার্যক্রম পরিচালনা করতে হবে।

জ) কারখানা চত্ত্বরের ন্যূনতম ৩৩% জায়গা উপযুক্ত প্রজাতির ফলজ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঝ) কারখানার শব্দ এবং তরল/বায়বীয় বর্জ্যের নিঃসরণ/নির্গমন মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ঞ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৬. **মেসার্স মতলব জেনারেলহাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার, মতলব (দক্ষিণ), চাঁদপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ চক্ষু হাসপাতাল)ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি ফরম্যাটে প্রদত্ত তথ্য, পরিদর্শন প্রতিবেদন এবং প্রকল্পের বর্তমান অবস্থা সম্পর্কে বিভাগীয় দপ্তরের মতামত সভায় পর্যালোচনা করা হয় এবং নিব্বর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্তে প্রকল্পটির অনুকূলে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

ক) এ ছাড়পত্র হাসপাতাল-এর কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য; প্রকল্পের কার্যক্রম বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ বা তৎসংশ্লিষ্ট কোন প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি/ ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) হাসপাতালের Infectious, Non-infectious, Sharp metal, plastic ইত্যাদি বর্জ্য আলাদা আলাদা পাত্রে সংগ্রহ করতে হবে।

গ) সূচ, সিরিঞ্জ, টেস্ট টিউব, প্লাস্টিক বর্জ্য অটোক্লেভ যন্ত্রে জীবাণুমুক্ত করার পর শ্রেডিং মেশিন দিয়ে প্লাস্টিক, Cutter দিয়ে সূচ এবং কাঁচের টিউব টুকরা টুকরা করে অপসারণ করতে হবে;

ঘ) Pathogenic তরল বর্জ্য পরিশোধনপূর্বক জীবাণুমুক্ত করে অপসারণ করতে হবে এবং ব্যবহৃত তুলা, গজ, ব্যান্ডেজ ইত্যাদি পরিবেশসম্মত ইনসিনারেটররে পুড়িয়ে ফেলতে হবে;

ঙ) Body parts, Fetus, tissue ইত্যাদি কবরস্থানে পুতে ফেলতে হবে।

চ) হাসপাতালের অঙ্গন, মেঝে ও টয়লেট থেকে যাতে জীবানু সংক্রমিত হতে না পারে এ লক্ষ্যে পরিস্কার-পরিচ্ছন্নতার বিষয়ে সর্বোচ্চ সতর্কতামুলক ব্যবস্থা অব্যাহত রাখতে হবে, যাতে করে হাসপাতালে আগত রোগীদের দ্বারা অন্য কেউ রোগাক্রান্ত না হয়।

ছ) হাসপাতালের indoor air quality নিয়মিত মনিটর করতে হবে ।

জ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোন Vendor এর কাছে বিক্রয় করা যাবেনা।

ঝ) হাসপাতালের পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রীধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। প্রতিষ্ঠানের বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে দৈনিক ভিত্তিতে রেকর্ড সংরক্ষণ করতে হবে । প্রতি তিন মাস অন্তর অন্তর সংরক্ষিত রেকর্ডের সার-সংক্ষেপ রিপোর্ট-আকারে পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঞ) অগ্নি নির্বাপনকল্পে হাসপাতালে যথোপযুক্ত ব্যবস্থাদি যথাঃ ফায়ার এক্সিট, ফোমিং কম্পাউন্ডসহ ফায়ার হাইড্রেন্ট, ইমারজেন্সী লাইট স্থাপন, ভূ-গর্ভস্থ বা ভূ-উপরিস্থ জলাধারে সর্বদা পর্যাপ্ত পানি সংরক্ষণ ইত্যাদি ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে ।

ট) হাসপাতালের শব্দ এবং তরল/বায়বীয় বর্জ্যের নিঃসরণ/নির্গমন মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা,১৯৯৭-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ট) হাসপাতাল ভবনের চারদিকে উম্মুক্ত জায়গায় উপযুক্ত প্রজাতির ফলজ ও বনজ গাছ লাগাতে হবে ।

ঠ) ভবনের নীচতলা গাড়ী পাকিং ব্যতীত অন্য কোন বাণিজ্যিক/ আবাসিক কাজে ব্যবহার করা যাবেনা ।

ড) হাসপাতালে সৃষ্ট চিকিৎসা-বর্জ্য ব্যবস্থাপনার লক্ষ্যে চিকিৎসা-বর্জ্য (ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণ) বিধিমালা, ২০০৮ এর বিধি ৫(১) এর আওতায় উপযুক্ত কর্তৃপক্ষের নিকট থেকে লাইসেন্স গ্রহণ করতে হবে।

ঢ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিউল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৭. **সানটেক এনার্জি লিঃ, প্লট-৩৬/এ, ৩৭/এ বিসিক শিল্প নগরী, খাদিমনগর, সিলেট** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ ব্যাটারি সংযোজন)ঃউদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, EMP প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন, ফ্যাক্ট সিট, লোকেশন ম্যাপে উল্লেখিত প্রস্তাবিত অবস্থান, বিভাগীয় দপ্তরের সুপারিশ এবং ২৬২ ও ২৬৪তম সভার সিদ্ধান্তের আলোকে প্রেরিত উদ্যেক্তার জবাব সভায় পর্যালোচনা করা হয় বিভাগীয় দপ্তর কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্তে কারখানাটির অনুকূলে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয় ।

ক) এ ছাড়পত্র কারখানায় শুধুমাত্র লেড এসিড ব্যাটারী প্রস্তুতের জন্য প্রযোজ্য; প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোন প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি/ ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) এ কারখানায় কাঁচামাল হিসাবে ব্যবহারের জন্য বিদেশ থেকে কোন প্রকার বর্জ্য আমদানী করা যাবেনা।

গ) এ কারখানায় লেড গলানো বা চূর্ণ করা যাবে না ।

ঘ) বায়ু দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থাসহ ইআইএ প্রতিবেদনে সুপারিশকৃত সকল মিটিগেশন মেজার্স সার্বক্ষণিক কার্যকরীভাবে চালু রাখতে হবে।

ঙ) কারখানার উৎপাদান প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে গ্যাসীয় নিঃসরণ বিশেষতঃ লেড, সালফিউরিক এসিড, সালফারের অক্সাইড এবং বস্তু কণার নিঃসরণ পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে হতে হবে। যে কোন সময় তাৎক্ষণিক সংগৃহীত নমুনায় এই মানমাত্রা অতিক্রম হতে পারবেনা ।

চ) কারখানাসৃষ্ট প্লাস্টিক জাতীয় কঠিন বর্জ্য Recycling করতে হবে।

ছ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট তরল বর্জ্য সরাসরি পরিবেশে নির্গমন করা যাবেনা। তরল বর্জ্য পরিশোধনের জন্য স্থাপিত সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

জ) কারখানার সীসা মিশ্রিত কঠিন বর্জ্য কোন ক্রমেই পরিবেশে নিক্ষেপ করা যাবেনা। এধরনের বর্জ্য পুনব্যবহার উপযোগী না হলে তা কেবলমাত্র পরিবেশ অধিদপ্তরের অনুমতিক্রমে অন্যত্র বিশেষ প্রক্রিয়ায় Secure Landfill-এর ব্যবস্থা করতে হবে।

ঝ) কারখানার কাঁচামাল সংগ্রহের তথ্যাদি একটি রেজিষ্টারে সংরক্ষণ করতে হবে। পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তা কর্তৃক পরিদর্শনকালে উক্ত রেজিষ্টারটি পরীক্ষা করা হবে। কারখানায় Good House-keeping ব্যবস্থা বজায় রাখতে হবে।

ঞ) কারখানার জেনারেটর নির্গত ধোঁয়া নির্গমনের জন্য স্থাপিত চিমনী সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ট) কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক নোজ মাস্ক, হ্যান্ড গ্লাভস, সেফটি গ্লাস, বুট, হেলম্যাট ব্যবহার করতে হবে। এছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ঠ) কারখানার কর্মরত শ্রমিকদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করতে হবে এবং এতৎসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে এবং অত্র দপ্তর হতে আকস্মিক পরিদর্শনের সময় তা দেখাতে হবে।

ড) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার/ প্রতিষ্ঠানের বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে দৈনিক ভিত্তিতে রেকর্ড সংরক্ষণ করতে হবে। প্রতি তিন মাস অন্তর অন্তর সংরক্ষিত রেকর্ডের সার-সংক্ষেপ রিপোর্ট-আকারে পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঢ) অগ্নি নির্বাপনকল্পে কারখানায় যথোপযুক্ত ব্যবস্থাদি যথাঃ ফায়ার এক্সিট, ফোমিং কম্পাউন্ডসহ ফায়ার হাইড্রেন্ট, ইমারজেন্সী লাইট স্থাপন, ভূ-গর্ভস্থ বা ভূ-উপরিস্থ জলাধারে সর্বদা পর্যাপ্ত পানি সংরক্ষণ ইত্যাদি ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ণ) কারখানা চত্বরের ন্যূনতম ৩৩% জায়গা উপযুক্ত প্রজাতির ফলজ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ত) কারখানাটি চালু অবস্থায় প্রতি তিন মাস অন্তর অর্থাৎ বছরে ৪(চার) বার কারখানাসৃষ্ট বায়বীয় বর্জ্যের স্ট্যাক এবং Down wind Direction-এ পরিবেষ্টক বায়ুর গুনগতমান (SPM, H_2SO_4, SOx & Lead) এবং কারখানাসৃষ্ট তরল বর্জ্যের গুণগতমান (পরিশোধন-পূর্ব ও পরিশোধন-পরবর্তী) পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

থ) কারখানার শব্দ এবং তরল/বায়বীয় বর্জ্যের নিঃসরণ/নির্গমন মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা,১৯৯৭-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

দ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৮. **মেসার্স আলহাজ্ব ইব্রাহীম আলী অটো রাইস মিল, সাং- দোহালিয়া বাজার, ডাকঘর- দোহালিয়া বাজার, উপজেলাঃ দোয়ারা বাজার, জেলাঃ সুনামগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ মিনি অটো রাইস মিল)ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি ফরমেটে প্রদত্ত তথ্য, পরিদর্শন প্রতিবেদন এবং বিভাগীয় দপ্তরের সুপারিশ সভায় পর্যালোচনা করা হয় এবং নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্তে কারখানাটির অনুকূলে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়ঃ

ক) এ মিলে ধান থেকে চাল উৎপাদনের জন্য এ'ছাড়পত্র প্রযোজ্য হবে। কারখানার উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোন প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি /ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) এ কারখানায় ধান সিদ্ধ করার জন্য কোন বয়লার ব্যবহার করা যাবে না।

গ) মিলের উৎপাদান প্রক্রিয়ায় সৃষ্ট বস্তুকণা (Particulate Matters) নির্গমন পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ঘ) EMP প্রতিবেদনে উল্লেখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকরীভাবে চালু রাখতে হবে।

ঙ) ধান হতে চাল উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট বায়বীয় বর্জ্য যথাসম্ভব নিজ বেষ্টনীর মধ্যে রাখতে হবে এবং Fugitive বায়বীয় বর্জ্যের ক্ষেত্রে উপযুক্ত উচ্চতার বেষ্টনী দিতে হবে। ডমেস্টিক তরল বর্জ্য পরিশোধন ও অপসারণের ক্ষেত্রে সেপটিক ট্যাংক ও সোকপিট ব্যবহার করতে হবে।

চ) অগ্নি-দুর্ঘটনা নিয়ন্ত্রণকল্পে কারখানায় যথোপযুক্ত অগ্নি নির্বাপক ব্যবস্থা থাকতে হবে।

ছ) এ কারখানার শ্রমিক/ কর্মচারীদর সর্বদা নোজ মাস্ক পরিধান করতে হবে। স্বাস্থ্যসম্মত পদ্ধতি অনুসরণে জীবাণুমুক্ত পরিবেশে উৎপাদন কার্যক্রম পরিচালনা করতে হবে।

জ) কারখানা চত্বরের ন্যূনতম ৩৩% জায়গা উপযুক্ত প্রজাতির ফলজ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঝ) কারখানার শব্দ এবং তরল/বায়বীয় বর্জ্যের নিঃসরণ/নির্গমন মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ঞ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৯. **কাপাসিয়া তেল/গ্যাস অনুসন্ধান কূপ খনন প্রকল্প, কপালেশ্বর, কাপাসিয়া, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ তেল/গ্যাস অনুসন্ধান প্রকল্প)ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র এবং ইআইএ প্রতিবেদনটি ছাড়পত্র বিষয়ক কমিটিতে উপস্থাপন করা হয়। সভার আলোচনা মোতাবেক উপযুক্ত শর্তসাপেক্ষে সদর দপ্তর হতে ইআইএ অনুমোদনসহ পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১০. **মার্প বাংলাদেশ, পূর্বহাটি, তেতুলঝরা, হেমায়েতপুর, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ পেস্টিসাইড ও ফাংগিসাইড রিপ্যাকিং)ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন, বিভাগীয় দপ্তরের সুপারিশ সভায় পর্যালোচনা করা হয় এবং নিম্ন বর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয় ।

ক) এ ছাড়পত্র শুধুমাত্র পেষ্টিসাইডও ফাংগিসাইড রিপ্যাকিং-এর জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ বা নতুন ধরনের উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোন প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি/ ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) কারখানার উৎপাদান প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে তরল-বর্জ্য/ বায়বীয় বর্জ্য-এর নির্গমন পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে হতে হবে। যে কোন সময় তাৎক্ষণিক সংগৃহীত নমুনায় এই মানমাত্রা অতিক্রম হতে পারবেনা । কোন সময় দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট ইউনিট বন্ধ করতে হবে। দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সংস্কার করে বিধিবদ্ধ মানমাত্রা নিশ্চিতকরণ সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) কারখানার রিপ্যাকিং ইউনিট হতে উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট বায়বীয় দূষণ নিয়ন্ত্রণের জন্য Suction hood, ডাস্ট কালেক্টর, একজস্ট ফ্যান ও চিমনী কার্যকারীভাবে চালূ রাখতে হবে।

ঘ) কারখানার মেঝে/ ইকুইপমেন্ট/ স্ক্রাবার, বস্ত্র ও কন্টেইনার ধৌত করা পানি ইটিপির মাধ্যমে পরিশোধন করে Detoxic না হওয়া পর্যন্ত পরিবেশে নির্গমন করা যাবে না। তরল বর্জ্য Detoxic করার জন্য নির্মিত স্টোরেজ পন্ডে Detoxic হওয়ার পর Bioassay পরীক্ষার মাধ্যমে তা নিশ্চিত হয়েই পরিবেশে নির্গমন করতে হবে।

ঙ) কারখানার উৎপাদন প্রক্রিয়া বা এতদসংশ্লিষ্ট কর্মকান্ডে সৃষ্ট বিষাক্ত কঠিন বর্জ্য ইনসিনারেটরের মাধ্যমে পুড়িয়ে ফেলতে হবে।

চ) কারখানার কাঁচামাল বহনকারী খালি ড্রাম বা কনটেইনার পরিবেশসম্মতভাবে দূষণমুক্ত না করে কারও নিকট বিক্রয় করা যাবে না।

ছ) পেস্টিসাইড পরিবহন, handle, গুদামজাত ও ব্যবহারের জন্য Standard Precaution & Safety ম্যানুয়েল অনুসরণ করতে হবে।

জ) বিশ্ববিদ্যালয়ের ডিগ্রীপ্রাপ্ত রসায়নবিদ বা কৃষিবিদ ছাড়া কারখানার উৎপাদন পরিচালনা করা যাবেনা।

ঝ) ইএমপি প্রতিবেদনে বর্ণিত সকল মিটিগেশন মেজার্স সর্বদা কার্যকরী ভাবে চালু রাখতে হবে।

ঞ) কারখানায় ডমেষ্টিক কাজে সৃষ্ট তরল-বর্জ্য যথোপযুক্ত সেটলিং ট্যাংকে রেখে সেপটিক ট্যাংক ও সোকপিটের মাধ্যমে নির্গমন করতে হবে।

ট) অগ্নি-দুর্ঘটনা নিয়ন্ত্রণকল্পে কারখানায় যথোপযুক্ত ব্যবস্থাদি যথা- ডাবল স্টেয়ার এক্সিট, ফোমিং কম্পাউন্ডসহ ফায়ার হাইড্রেন্ট, ইমারজেন্সী লাইট স্থাপন, জলাধারে সর্বদা পর্যাপ্ত পানি সংরক্ষণ ইত্যাদি কার্যকরীভাবে চালু রাখতে হবে।

ঠ) কারখানায় স্থাপিত জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোন Vendor এর কাছে বিক্রয় করা যাবেনা।

ড) কারখানাটি চালু অবস্থায় প্রতি তিন মাস অন্তর অর্থাৎ বছরে ৪(চার) বার কারখানাসৃষ্ট তরল বর্জ্যের গুনগতমান (পরিশোধন-পূর্ব ও পরিশোধন-পরবর্তী) পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঢ) কারখানাটি চালু অবস্থায় প্রতি তিন মাস অন্তর অর্থাৎ বছরে ৪(চার) বার কারখানাসৃষ্ট বায়বীয় বর্জ্যের স্ট্যাক এবং Down wind Direction-এ পরিবেষ্টক বায়ুর গুনগতমান পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে ।

ণ) কর্মরত শ্রমিকদের কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক হেলমেট, নোজ মাক্স, চশমা, হাত গ্লাভস, বুট ব্যবহার করতে হবে। এছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। শ্রমিকদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করতে হবে এবং এতদসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে।

ত) কারখানা চত্তরের ন্যূনতম ৩৩% জায়গা উপযুক্ত প্রজাতির ফলজ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে। কারখানার চারপাশে উঁচু দেওয়াল নির্মাণ করতে হবে।

থ) কারখানার শব্দ এবং তরল/বায়বীয় বর্জ্যের নিঃসরণ/নির্গমন মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা,১৯৯৭-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

দ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিউল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

খ) সুপারিশকৃত শিল্প/প্রকল্পসমূহ ঃ ইআইএ অনুমোদন

১. **বি.এস.আর.এম আয়রন এন্ড স্টিল কোং লিমিটেড, ২০২-২০৫ নাসিরাবাদ শি/এ, বায়েজিদ বোস্তামী রোড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম ঃ ইংগট, রড,এঙ্গেল, ফ্ল্যাট বার ইত্যাদি প্রস্তুত করা)ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন, প্রকল্পটির বর্তমান অবস্থা সম্পর্কে বিভাগীয় দপ্তরের মতামত ও ইআইএ পর্যালোচনা প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয় এবং বিভাগীয় দপ্তর কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তে ইআইএ প্রতিবেদন নীতিগতভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় ।

ক) ইআইএ অনুমোদনের প্রেক্ষিতে আমদানীতব্য যন্ত্রপাতির জন্য L/C খুলতে পারবে, যাতে দূষণ নিয়ন্ত্রণ সংক্রান্ত যন্ত্রপাতি অর্ন্তভূক্ত থাকবে।

খ) ইআইএ প্রতিবেদনে দাখিলকৃত সকল মিটিগেশন মেজারস বাস্তবায়ন সম্পন্ন করে পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন করতে হবে।

গ) প্রকল্পটি পরিচালনার ফলে সৃষ্ট তরল ও বায়বীয় বর্জ্য এবং শব্দ দূষণ নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গড়ে তুলতে হবে।

ঘ) প্রকল্পের যন্ত্রপাতি স্থাপনের লক্ষ্যে বিদ্যুৎ সংযোগ করা যাবে।

ঙ) পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ব্যতিরেকে কারখানার উৎপাদন শুরু করা যাবে না ।

২. **হ্যামস গার্মেন্টস লিঃ, বৈরাগীরচালা, শ্রীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ বস্ত্র বুনন এবং ও ডাইং)ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন এবং কারখানাটির বর্তমান অবস্থা সম্পর্কে বিভাগীয় দপ্তরের মতামত সভায় পর্যালোচনা করা হয় এবং নিম্নবর্ণিত বিশেষ শর্তে ইআইএ প্রতিবেদন নীতিগতভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় ।

ক) ইআইএ অনুমোদনের প্রেক্ষিতে আমদানীতব্য যন্ত্রপাতির জন্য L/C খুলতে পারবে, যাতে ইটিপি সংক্রান্ত যন্ত্রপাতি অর্ন্তভূক্ত থাকবে।

খ) ইআইএ প্রতিবেদনে দাখিলকৃত ইটিপিসহ সকল মিটিগেশন মেজারস বাস্তবায়ন সম্পন্ন করে পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন করতে হবে।

গ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট স্লাজ ম্যানেজমেন্ট নিজস্ব জায়গায় ৬ মাস সংরক্ষণের লক্ষ্যে প্রয়োজনীয় অবকাঠামো গড়ে তুলতে হবে।

